

মঙ্গলবার

৫ই আগস্ট

২৫ শ্রাবণ ১৪২৯

১০ অক্টোবর ১৪৪৪

বর্ষ-১০, সংখ্যা-২২৭

শুভ সকাল

জাতীয় মাইলফলক হতে
চলেছে বিজিএস

দশ কথার এক কথা

যুক্তরাষ্ট্র ককটেল
জাতি: আইজিপি

প্রতিষ্ঠাতা: আলহাজ্ব মাস্টার নজির আহমদ

www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা

চতুর্থাংশ শনাক্ত মৃত্যু

১,২৮,৫৯৪ ১,৩৬৭

শেষ পাতায়

৪ বছর পর প্রথম ৫৩ কন্ঠী
বাঞ্ছন মালশেপিয়ায়



প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে প্রশিক্ষণ কর্মশালায় অতিথিরা

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে প্রশিক্ষণ কর্মশালা

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের আয়োজনে ও আইকিউএসি'র সহযোগিতায় বিভাগের শিক্ষার্থীদের নিয়ে এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। বিভাগের সহকারী অধ্যাপক ড. হারাধন কুমার মহাজনের সভাপতিত্বে প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটি আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. তৌফিক সাঈদ এবং বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটি আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর মঈনুল হক ও অতিরিক্ত পরিচালক মোহাম্মদ ইফতেখার মনির। 'ম্যাথমেটিক্যাল মডেলিং এন্ড সিমুলেশন' শীর্ষক কর্মশালায় রিসোর্সপারসন হিসেবে প্রশিক্ষণ প্রদান করেন প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের প্রভাষক রাজীব কর্মকার। তাঁর বক্তব্যে মডেলিং এর সাধারণ পরিচিতি বর্ণনা করার পর বাস্তব ও বিমূর্ত ধারণাগুলোকে কিভাবে ধাপে ধাপে মডেলিং করা যায় তা তুলে ধরেন। এছাড়াও রাজীব কর্মকার বিভিন্ন সিমুলেশন সফটওয়্যারের সাথে পরিচয়পূর্বক সিমুলেশনের ওপর প্রশিক্ষণ দেন। তিনি গাণিতিক মডেলিং-এর জন্য কারিকুলামভুক্ত অতি প্রয়োজনীয় বিষয়সমূহের গুরুত্ব ও আন্তঃসম্পর্ক বর্ণনা করেন। উপস্থিত অতিথিবৃন্দ তাঁদের বক্তব্যে গাণিতিক মডেলিং ও সিমুলেশন সম্পর্কে জ্ঞান লাভ করায় ছাত্রছাত্রীদের উচ্চ শিক্ষা ও গবেষণার কাজ সহজ হবে বলে উল্লেখ করেন। প্রধান অতিথি প্রফেসর ড. তৌফিক সাঈদ গণিত বিভাগকে যুগোপযোগী কর্মশালায় আয়োজন করায় ধন্যবাদ জ্ঞাপন করেন। সহকারী অধ্যাপক শাহরীনা আক্তারের সঞ্চালনায় প্রশিক্ষণ কর্মশালায় বিভাগের স্নাতক পর্যায়ের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

প্রতিটি পৃষ্ঠা
হতে মুদ্রিত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



মহানগর
আয়োজনে মুক্তিযুদ্ধের
চেতনা অনুসরণীয়

সংবাদ ৪
সত্যের আদর্শকে সমুন্নত
করেছেন ইমাম হোসাইন (রা.)



দেশগ্রাম ৫
কৃষকের সবজিখেতে
বন্যাভীর তাগুব চকরিয়ায়

বিনোদন
খাঁস হওয়া ঘনিষ্ঠ ছবি
নিয়ে জ্যাকুলিনের...



প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে প্রশিক্ষণ কর্মশালা

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে প্রশিক্ষণ

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের আয়োজনে ও আই.কিউ.এ.সি'র সহযোগিতায় বিভাগের শিক্ষার্থীদের নিয়ে এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। বিভাগের সহকারী অধ্যাপক ড. হারাধন কুমার মহাজনের সভাপতিত্বে প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটি আই.কিউ.এ.সি'র পরিচালক প্রফেসর ড. তৌফিক সাঈদ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটি আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর মঈনুল হক ও অতিরিক্ত পরিচালক মোহাম্মদ ইফতেখার মনির। 'ম্যাথমেটিক্যাল মডেলিং এন্ড সিমুলেশন' শীর্ষক এই কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ প্রদান করেন প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের প্রভাষক রাজীব কর্মকার।

রাজীব কর্মকার তাঁর বক্তব্যে মডেলিং-এর সাধারণ পরিচিতি বর্ণনা করার পর বাস্তব ও বিমূর্ত ধারণাগুলোকে কিভাবে ধাপে ধাপে মডেলিং করা যায় তা তুলে ধরেন এবং অংশগ্রহণকারীদের হাতে কলমে বুঝিয়ে দেন। এছাড়াও রাজীব কর্মকার বিভিন্ন সিমুলেশন সফটওয়্যারের সাথে পরিচয়পূর্বক সিমুলেশনের উপর প্রশিক্ষণ দেন।